সমকাল

তারিখ ... 3 APR 2017
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ১ ...

# পরীক্ষা দিতে পারেননি উত্তরা সানরাইজের ৬২ শিক্ষার্থী

■ সমকাল প্রতিবেদক

প্রবেশপত্র না পাওয়ায় উত্তরা সানরাইজ কলেজের ৬২ শিক্ষার্থী গতকাল রোববার শুরু হওয়া এইচএসসি পরীক্ষায় অংশ নিতে পারেননি। এই শিক্ষার্থীদের সঙ্গে ওই কলেজের শিক্ষকরা প্রতারণা করেছেন বলে অভিযোগ উঠেছে। প্রতারণার অভিযোগে গতকাল সানরাইজ কলেজের অধ্যক্ষসহ তিনজনকে গ্রেফতার করেছে উত্তরা পশ্চিম থানা পুলিশ। গ্রেফতাররা হলেন– অধ্যক্ষ নাজিম উদ্দিন, সহকারী অধ্যক্ষ জিয়া উদ্দিন সরকার ও পরিচালক আলমাস হোসেন।

ঢাকা বোর্ডের নিয়ন্ত্রণাধীন ওই কলেজের শিক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্র ছিল দক্ষিণখানের মোল্লারটেক উদয়ন স্কুল অ্যান্ড কলেজ। প্রবেশপত্র না পাওয়ায় গতকাল শুরু হওয়া এইচএসসি পরীক্ষায় অংশ নিতে পারেননি তারা। পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে প্রবেশ করতে না পেরে কান্নায় ভেঙে পড়েন শিক্ষার্থীরা।

উত্তরা থানায় ভুক্তভোগী শিক্ষার্থীর এক অভিভাবক নুরুল ইসলাম জানান, সানরাইজ কলেজের শিক্ষকদের প্রতারণায় ৬২ শিক্ষার্থীকে চরম মূল্য দিতে হচ্ছে। যথাসময়ে পরীক্ষা ও কেন্দ্র ফি পরিশোধ করার পরও পরীক্ষার্থীদের প্রবেশপত্র দেওয়া হয়নি। শিক্ষকরা তাদের বলেছিলেন, কেন্দ্রে প্রবেশের আগে প্রবেশপত্র দেওয়া হবে। কিন্তু পরীক্ষা শুরু হয়ে গেলেও তারা প্রবেশপত্র পাননি। পরে প্রতারণার অভিযোগে ওই কলেজের তিন শিক্ষককে আটক করে তাদের বিরুদ্ধে মামলা করা হয়।

উত্তরা পশ্চিম থানার ভারপ্রাপ্ত ওসি (পরিদর্শক অপারেশন) শাহ আলম ঘটনার সত্যতা শিকার করে বলেন, সানরাইজ কলেজের শিক্ষকদের প্রতারণায় ৬২ শিক্ষার্থী পরীক্ষা দিতে পারেননি। অভিভাবক ও শিক্ষার্থীরা থানায় এসে অভিযোগ করেছেন। তিন শিক্ষকের বিরুদ্ধে অর্ধকোটি টাকা প্রতারণার অভিযোগে মামলা করা হয়েছে। এরই মধ্যে তাদের গ্রেফতার করা হয়েছে।